সাক্ষিঅ'র ওয়েবসাইটে আপলোড করা হলো।
Jannatun Nahar
০৭/০৮/২০২২
জান্নাতুন নাহার
আইডি নং-২৬০০৪
সহকারী পরিচালক (দাখিল ও এবতেদায়ী)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
সরকারি ও সিনিয়র মাদ্রাসা শাখা-০১
গাইড হাউস (৭ম ও ১০ম তলা)নিউ বেইলী রোড, ঢাকা।
www.dme.gov.bd

মুজিব বর্ষ 100

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০১০.১৫.০০৩.২২.২০১৫

তারিখ: ১৬ শ্রাবণ ১৪২৯
৩১ জুলাই ২০২২

বিষয়: **চট্টগ্রাম জেলার রাউজান উপজেলাধীন রাউজান দারুল ইসলাম কামিল মাদ্রাসার প্রভাষক জনাব মোহাম্মদ মুসলিম উদ্দিন/MOHAMMAD MUSLIM UDDIN (ইনডেক্স নং-C2021242) এর বেতন কোড সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।**

সূত্র: (০১) USEO, রাউজান, চট্টগ্রাম এর স্মারক নং- ইউ. এস. ই. ও/চট্ট/রাউ/২০২২/৯৯০; তারিখ: ২৯.০৫.২২ খ্রি.

(০২) তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনের স্মারক নং-৫৭.২৫.০০০০.০১০.০২.০২৪.২০.১৮৮৮ তারিখ: ২১.০৭.২০২২ খ্রি. (ডকেট নং-৮৯৮০; তারিখ: ২৪.০৭.২০২২ খ্রি.)

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম জেলার রাউজান উপজেলাধীন রাউজান দারুল ইসলাম কামিল মাদ্রাসার প্রভাষক জনাব মোহাম্মদ মুসলিম উদ্দিন (ইনডেক্স নং-C2021242) এর এমপিও শীটে বেতন কোড সংশোধনের আবেদন সূত্রোক্ত (০১) নং স্মারকে USEO, রাউজান, চট্টগ্রাম কর্তৃক অত্র অধিদপ্তরে অগ্রায়ণ করা হয়।

০২। প্রতিকার প্রার্থীর আবেদনটি নিষ্পত্তির লক্ষ্যে জনাব মাহফুজা ইয়াছমিন,সহকারী-পরিচালক (প্রশাসন)-মাশিঅ, জনাব ইমন আমির, পরিদর্শক-মাশিঅ এবং জনাব মো: নয়ন মিয়া, প্রশাসনিক কর্মকর্তা, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর- এর সমন্বয়ে তদন্ত কমিটি গঠন করা হয়। সূত্রোস্থ ০২ নং স্মারকে তদন্ত কমিটি কর্তৃক তদন্ত প্রতিবেদন দাখিল করা হয়। তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনের পর্যালোচনা/মতামত নিম্নরূপ: জনাব মোহাম্মদ মুসলিম উদ্দিন ২৮/০৯/২০০৬ তারিখে কদলপুর হামিদিয়া ফাযিল মাদ্রাসা, রাউজান, চট্টগ্রাম এ প্রভাষক পদে যোগদান করে মে/২০০৭ সালে বেতন গ্রেড ৯ এ প্রথম এমপিওভুক্ত হন। তিনি ২০১৫ সালে টাইম স্কেল পেয়ে জানুয়ারী/২০২২ মাস পর্যন্ত ০৭ গ্রেডে বেতন ভাতা পেয়েছেন। পরবর্তীতে জনাব মোহাম্মদ মুসলিম উদ্দিন এনটিআরসিএ-র মাধ্যমে প্রভাষক (আরবি) পদে রাউজান দারুল ইসলাম কামিল মাদ্রাসায় ০১/০২/২০২২ খ্রি. তারিখে যোগদান করে একই পদে একই ইনডেক্সে এপ্রিল/২০২২ মাসে ৯ম গ্রেডে এমপিওভুক্ত হন। এ ক্ষেত্রে তিনি শুধু মাত্র সমপদে সম স্কেলে এক মাদ্রাসা থেকে অন্য মাদ্রাসায় একই ইনডেক্সে নিয়োগপ্রাপ্ত হন। যেহেতু তিনি পূর্বের মাদ্রাসায় একই পদে একই ইনডেক্সে ২০১৫ সাল থেকে ০৭ বছর যাবৎ প্রভাষক পদে টাইম স্কেল পেয়ে ০৭ কোডে বেতন ভাতা পেয়ে আসছেন এবং বর্তমান নিয়োগপ্রাপ্ত মাদ্রাসায় একই ইনডেক্সে একই পদে এমপিওভুক্ত হয়েছেন। সেহেতু জনাব মোহাম্মদ মুসলিম উদ্দিন (ইনডেক্স নং- C2021242) এর আবেদন অনুসারে এমপিও কপিতে বিদ্যামান বেতন গ্রেড ০৯ সংশোধনপূর্বক তার প্রার্থীত বেতন গ্রেড ০৭ মুদ্রিত করতে কোন বাধা নেই মর্মে তদন্ত কমিটির নিকট প্রতীয়মান হয়। প্রার্থী নিজে এমপিও শিটে মুদ্রিত বেতন কোড ০৯ এর স্থলে ০৭ সংশোধনের জন্য আবেদন করেছেন এবং USEO, রাউজান, চট্টগ্রাম বিষয়োক্ত মাদ্রাসার অধ্যক্ষ গভর্নিংবডির সদস্যবৃন্দ বেতন কোড ০৯ এর স্থলে ০৭ সংশোধনের সুপারিশ করেছেন। বিধায় চট্টগ্রাম জেলার রাউজান উপজেলাধীন রাউজান দারুল ইসলাম কামিল মাদ্রাসার প্রভাষক জনাব মোহাম্মদ মুসলিম উদ্দিন (ইনডেক্স নং-C2021242) এর প্রার্থীত বেতন কোড ০৯ এর স্থলে ০৭ সংশোধন করা যেতে পারে।" (কপি সংযুক্ত)

০৩। USEO, রাউজান, চট্টগ্রাম এর সুপারিশসহ অগ্রায়ণ এবং তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে প্রতিকার প্রার্থী জনাব মোহাম্মদ মুসলিম উদ্দিন (ইনডেক্স নং-C2021242) এর তথ্য এবং প্রার্থীত বেতন কোড নিম্নরূপঃ

| ক্রমিক নং | নাম, পদবী,ইনডেক্স ও প্রতিষ্ঠনের ঠিকানা | প্রভাষক (আরবি) পদে যোগদানের তারিখ | এমপিও শীটে বিদ্যমান বেতন কোড | প্রার্থীত বেতন কোড | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | জনাব মোহাম্মদ মুসলিম উদ্দিন, প্রভাষক (ইনডেক্স নং-C2021242) রাউজান দারুল ইসলাম কামিল মাদ্রাসা, রাউজান, চট্টগ্রাম | ০১/০২/২০২২ খ্রি. | ০৯ | ০৭ | এমপিও শীটে বিদ্যমান বেতন কোড ০৯ ।আবেদনকারীর প্রার্থীত বেতন কোড ০৭ সংযোজন যোগ্য। |

০৪। এমতাবস্থায়, USEO, রাউজান, চট্টগ্রাম এর সুপারিশসহ অগ্রায়ণ এবং তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে প্রতিকার প্রার্থী জনাব মোহাম্মদ মুসলিম উদ্দিন (ইনডেক্স নং-C2021242) এর বেতন কোড ০৯ এর পরিবর্তে ০৭ সংযোজনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো এবং পত্রের বর্ণনামতে যথাযথভাবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক বাস্তবায়ন প্রতিবেদন (Compliance Report) দাখিলের জন্য অনুরোধ করা হলো।

শর্তসমূহ:
১। পরবর্তীতে কোন তথ্য ভুল/মিথ্যা প্রমাণিত হলে সংশ্লিষ্ট আবেদনকারী, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান, সংশ্লিষ্ট তদন্তকারী কর্মকর্তাগণ দায়ী থাকবে।
২। সরকারের অর্থের কোন প্রকার অপচয়/তছরুফ হলে সংশ্লিষ্ট আবেদনকারী, প্রতিষ্ঠান প্রধান উক্ত অর্থ ফেরত দিতে বাধ্য থাকিবে।
৩। পরবর্তীতে নিয়োগ সংক্রান্ত/অন্যান্য ডকুমেন্টস্ ভুল/মিথ্যা/জাল প্রমাণিত হলে উক্ত শিক্ষক সরকারের যে কোন আইনানুগ শাস্তি গ্রহণে বাধ্য থাকবে।
**৪। প্রতিকার প্রার্থী জনাব মোহাম্মদ মুসলিম উদ্দিন (ইনডেক্স নং-C2021242) কোন প্রকার বকেয়া দাবি করতে পারবেনা।**
৫।পরবর্তীতে এতদসংক্রান্ত কোন ডকুমেন্টস/তথ্যাদিভুল/মিথ্যা/জাল প্রমাণিত হলে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর তাৎক্ষণিকভাবে অত্র আদেশ সম্পূর্ণ/আংশিক বাতিল কিংবা সংশোধন করতে পারবে। এতে কোনরূপ আপত্তি উত্থাপন/আইনের আশ্রয় গ্রহণ করা যাবেনা।
সংযুক্ত: ০৯ ফর্দ।

৩১-৭-২০২২
কে, এম, রুহুল আমীন
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

পরিচালক (প্রশাসন ও অর্থ) এবং প্রকল্প পরিচালক,
মেমিস, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০১০.১৫.০০৩.২২.২০১৫/১

তারিখ: ১৬ শ্রাবণ ১৪২৯
৩১ জুলাই ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
২) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাউজান, চট্টগ্রাম।
৩) সভাপতি/অধ্যক্ষ, রাউজান দারুল ইসলাম কামিল মাদ্রাসা, রাউজান, চট্টগ্রাম।
৪) জনাব মোহাম্মদ মুসলিম উদ্দিন, প্রভাষক (ইনডেক্স নং-C2021242)) রাউজান দারুল ইসলাম কামিল মাদ্রাসা, রাউজান, চট্টগ্রাম।
৫) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

৩১-৭-২০২২
মো: বাদশা মিয়া
পরিদর্শক (সহযোগী অধ্যাপক)